ভোরের কাগজ

তারিখ ... 11 DEC 1998 ...
পৃষ্ঠা ... 2 ... কলাম ... 5 ...

# ইপসা এখন বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয়

ইনস্টিটিউট অফ পোস্টগ্র্যাজুয়েট স্টাডিজ ইন এগ্রিকালচার (ইপসা)-কে পুনর্গঠন করে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার উদ্দেশ্যে প্রণীত আইন (১৯৯৮ সনের ১৬ নং আইন) শিক্ষা মন্ত্রণালয় গত ২৬ নভেম্বর এক সরকারি প্রজ্ঞাপনের মাধ্যমে গত ২২ নভেম্বর থেকে বলবৎ করেছে। সে অনুযায়ী ২২ নভেম্বর থেকে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান কৃষি বিশ্ববিদ্যালয় স্থাপিত হল।

উক্ত আইনের ৪৫(৩)(ঙ) ধারা অনুসারে সাবেক ইপসার রেক্টর প্রফেসর ড. এ এম আশরাফুল কামাল বিশ্ববিদ্যালয়ের প্রথম ভাইস চ্যান্সেলর হিসেবে ২৯ নভেম্বর বিশ্ববিদ্যালয়ের সকল শিক্ষক-কর্মকর্তা-কর্মচারী-শ্রমিক এবং ছাত্রছাত্রীদের উদ্দেশে পৃথক দুটি সমাবেশে ভাষণ দেন। তিনি তার ভাষণে সরকারকে এ বিশ্ববিদ্যালয় প্রতিষ্ঠার জন্য ধন্যবাদ জানিয়ে বলেন, ১৯৯৭ সালের ১৯ জুন ইপসার ২য় সমাবর্তন অনুষ্ঠানে প্রধানমন্ত্রী শেখ হাসিনার ঘোষণা অনুযায়ী দেড় বছরের কম সময়ে এ বিশ্ববিদ্যালয় স্থাপিত হয়েছে। বিজ্ঞপ্তি।